

“মুজিব বর্ষের আহবান
সেবায় মিলবে পরিত্রাণ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদফতর
বাস্তবায়ন ও মনিটরিং
সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dss.gov.bd



স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৬.৬১১.১৮.১৩১

তারিখ: ১ শ্রাবণ ১৪২৭

১৬ জুলাই ২০২০

বিষয়: মেধাবৃত্তি প্রদানের নির্দেশাবলী।

উপর্যুক্ত বিষয়ের প্রক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত সরকারি শিশু পরিবারসহ সকল আবাসিক প্রতিষ্ঠানে এতিম, দু:ষ্ট, অসহায় ও প্রতিবন্ধী শিশু লালিত পালিত হচ্ছে। এদের মধ্যে অনেক মেধাবী শিশু দেশের অভ্যন্তরে শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন শ্রেণিতে অধ্যয়নরত আছে। এসব মেধাবী নিবাসিদের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার নিমিত্ত ২০১৮-২০১৯ অর্থ থেকে মেধাবৃত্তি চালু করা হয়েছে। মেধাবৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নরূপ নির্দেশাবলী অনুসরণ যোগ্য।

১.০ সুবিধাভোগী, শিক্ষার স্তর, অর্থের পরিমাণ :

সমাজসেবা অধিদফতর আওতাধীন সরকারি শিশু পরিবারসহ অন্যান্য আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান বসবাসরত, উচ্চ মাধ্যমিক স্তরে অধ্যয়নরত নিবাসি/ শিক্ষার্থী ও উক্ত প্রতিষ্ঠানের প্রাক্তন নিবাসি উচ্চতর স্তরের শিক্ষার্থীরা মেধাবৃত্তির আওতাভুক্ত হবে। শিক্ষার শ্রেণিবিন্যাসে নিরোক্ত ২টি স্তরে বিভক্ত করে মেধাবৃত্তির অর্থ প্রদান করা হবে।

ক্র ম	অধ্যয়নের স্তর	অর্থের পরিমাণ
১	উচ্চ মাধ্যমিক (একাদশ ও দ্বাদশ)	১০০০(এক হাজার) টাকা
২	উচ্চতর (ডিগ্রী/অনার্স ও মাস্টার্স)	২৫০০ (দুই হাজার পাঁচশত) টাকা

২.০ বাস্তবায়ন পদ্ধতি :

- ক) সংযুক্ত ফরমে আগ্রহী শিক্ষার্থীরা আবেদন করবে।
- খ) আবেদনে প্রাপ্ত তথ্য ও নির্ধারিত কোটা অনুযায়ী স্ব স্ব প্রতিষ্ঠান উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা মনিটরিং কমিটি মেধাবৃত্তির আবেদন যাচাই বাচাই ও বৃত্তি প্রদান চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।
- গ) বৃত্তি প্রদানকারী প্রতিষ্ঠানের নামে তফসিলভুক্ত ব্যাংকে একটি চলতি হিসাব খুলতে হবে। উদাহরণ : ‘মেধাবৃত্তি, সরকারি শিশু পরিবার (বালিকা) তেজগাঁও, ঢাকা’। হিসাবটির পরিচালক হবেন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আয়ন-ব্যয়ন কর্মকর্তা। উক্ত হিসাব থেকে ক্রস চেক বা নগদ অর্থ উত্তোলন পূর্বক সংশ্লিষ্ট মেধাবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীকে রেজিস্টারে স্বাক্ষরসহ অর্থ/চেক পরিশোধ করতে হবে। আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসাবরক্ষণ অফিসে বিল করে সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে অর্থ জমা করবেন।

৩.০ মেধাবৃত্তি পাওয়ার যোগ্যতা ও শর্তাবলী :

৩.১ সুবিধাভোগী নির্বাচনের শর্তাবলী

ক্রম	অধ্যয়নের স্তর	সুবিধাভোগী নির্বাচনের শর্তাবলী
১	উচ্চ মাধ্যমিক (একাদশ ও দ্বাদশ)	মাধ্যমিক পরীক্ষায় নুন্যতম জিপিএ ৪.৫০ পেতে হবে।
২	উচ্চতর (ডিগ্রী/অনার্স ও মাস্টার্স)	উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নুন্যতম জিপিএ ৪.৫০ পেতে হবে।

৩.২ প্রতিষ্ঠানে অধ্যয়ন ও বসবাসরত উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীকে এস এস সি /সমমান পরীক্ষায় গড়ে ৬০% নম্বর বা সমমান এবং উচ্চতর শ্রেণিতে অধ্যয়নরত হলে এইচ এস সি / সমমান পরীক্ষায় গড়ে ৫৫% নম্বর বা পেয়ে উত্তীর্ণ হতে হবে। কোন শিক্ষার্থী কোন বিষয়ে নুন্যতম ৫০% নম্বর না পেলে মেধাবৃত্তি পাবার যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

৩.৩ প্রতি বৎসর শিক্ষার্থীর অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের বিভাগীয় প্রধান/অধ্যক্ষ এর নিকট থেকে এই মর্মে আবেদনের সাথে প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে যে, সে অত্র শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে অধ্যয়ন করছে।

৩.৪ কোটা অনুযায়ী কোন শিক্ষা প্রতিষ্ঠানে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা মনিটিরিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের আবেদনকারীদের থেকে সর্বোচ্চ মেধাবীদের বিশেষ বিবেচনায় মেধাবৃত্তি প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

৪.০ বৃত্তি বাতিল হওয়ার কারণ :

১. লেখাপড়া বন্ধ করে দিলে মেধাবৃত্তি স্থগিত করা হবে;
২. কোর্সের মেয়াদ শেষ হয়ে গেলে মেধাবৃত্তি স্থগিত হবে;
৩. পরীক্ষার ফলাফল খারাপ হলে মেধাবৃত্তি স্থগিত হবে;

৪. যে সকল শিক্ষার্থী যুক্তিসংজ্ঞাত কারণ ব্যতীত পরবর্তী শিক্ষাবর্ষে অংশগ্রহণ করবে না তাদের পরবর্তী পরীক্ষা পর্যন্ত মেধাবৃত্তি স্থগিত থাকবে ;

৫. শর্ত ভঙ্গকারী শিক্ষার্থী পরবর্তীতে শর্ত পূরণ করলে মেধাবৃত্তির জন্য বিবেচিত হবে;

৫.০ পরিবীক্ষণ ও মূল্যায়ন :

ক) শিক্ষার্থীরা প্রাপ্ত মেধাবৃত্তি লাভের পর উক্ত অর্থ কী কী কাজে ব্যবহার করছে, তার শিক্ষা জীবনমান উন্নয়নে উক্ত অর্থ কি প্রভাব ফেলেছে এ বিষয়ে একটি প্রশ্নপত্র (সংযুক্ত) পূরণ করে প্রতি অর্থবছর শেষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জমা প্রদান করবেন।

৬.০ মেধাবৃত্তি প্রদানের রেজিস্টারের নমুনা ছক :

ক্র: নং	নিবাসির নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	যে শ্রেণিতে অধ্যয়নরত	যোগাযোগের ঠিকানা ও মোবাইল নম্বর (যদি থাকে)	বৃত্তির পরিমাণ	গ্রহণকারীর স্বাক্ষর	মন্তব্য

উল্লিখিত নির্দেশাবলী অনুসরণ করে বৃত্তি প্রদান করতে হবে।

Seb.

১৬-৭-২০২০

সৈয়দ মোঃ নূরুল বাসির
পরিচালক

তত্ত্বাবধায়ক/উপতত্ত্বাবধায়ক/ প্রধান শিক্ষক/ রিসোর্স
শিক্ষক,

স্মারক নম্বর: ৮১.০১.০০০০.০৬২.১৬.৬১১.১৮.১৩১/১(৭৪)

তারিখ: ১ শ্রাবণ ১৪২৭
১৬ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/ঢাকা/রংপুর
- ২) জেলা প্রশাসক, (সকল)
- ৩) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়.....

Seb.

১৬-৭-২০২০

সৈয়দ মোঃ নূরুল বাসির
পরিচালক